

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০২৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯৭. দুই কিংবা তিন রাক'আতে সন্দেহ হলে করণীয় কেউ বলেন, সন্দেহ পরিহার করবে

باب إِذَا شَكَّ فِي التِّنْتَيْنِ وَالتَّلَاثِ مَنْ قَالَ يُلْقِي الشَّكَّ

### আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكِ، عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ، عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ، أَنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم قَالَ " إِذَا شَكَّ أَحَدُكُمْ فِي صَلَاتِهِ فَلَا يَدْرِي كَمْ صَلَّى ثَلَاثًا أَوْ أَرْبَعًا فَلْيُصِلِّ رَكْعَةً وَيَسْجُدْ سَجْدَتَيْنِ وَهُوَ جَالِسٌ قَبْلَ التَّسْلِيمِ فَإِنْ كَانَتِ الرَّكْعَةُ الَّتِي صَلَّى خَامِسَةً شَفَعَهَا بِهَاتَيْنِ وَإِنْ كَانَتْ رَابِعَةً فَالسَّجْدَتَانِ تَرْغِيمٌ لِلشَّيْطَانِ " .

\_ صحیح

### বাংলা

১০২৬। 'আত্বা ইবনু ইয়াসার (রহঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সালাতের মধ্যে তোমাদের কেউ যদি সালাতে এরূপ সন্দেহে পতিত হয় যে, সে তিন রাক'আত না চার রাক'আত সালাত আদায় করেছে তা স্মরণ করতে পারছে না তাহলে সে যেন আরো এক রাক'আত সালাত আদায় করে নেয় এবং সালাম ফিরানোর পূর্বে বসা অবস্থায় দু'টি সিজদা্ আদায় করে। আদায়কৃত অতিরিক্ত এক রাক'আত যদি পঞ্চম রাক'আত হয়ে থাকে তবে এ দু'টি সিজদা্ মিলে তা দু' রাক'আত নফল সালাতে পরিণত হবে। আর যদি তা চতুর্থ রাক'আত হয়ে থাকে তবে এ সিজদা্ দু'টি শয়তানের জন্য লাঞ্ছনাকর হবে।[1]

সহীহ।

## **English**

#### Narrated Ata' ibn Yasar:

The Prophet (ﷺ) said: When one of you is in doubt about his prayer, and does not know how much he has prayed, three or four rak'ahs, he should



pray one (additional) rak'ah and make two prostrations while sitting before giving the salutation. If the (additional) rak'ah which he prayed is the fifth one, he will make it an even number by these two prostrations. If it is the fourth one, the two prostrations will be a disgrace for the devil.

### ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : মাসাজিদ, অনুঃ সালাত আদায়ে ভুল করলে এবং সাহু সিজদা করা), নাসায়ী (অধ্যায় : সাহু, অনুঃ সালাতে সংশয় সৃষ্টি হলে মুসল্লীর স্মরণ মোতাবেক সালাত পূর্ণ করা, হাঃ ১২৩৮), মালিক (অনুঃ সালাতে সংশয় হলে মুসল্লীর স্মরণ মোতাবেক সালাত পূর্ণ করা, হাঃ ৬২), দারিমী (অধ্যায় : সালাত, অনুঃ কোন ব্যক্তি কত রাক'আত সালাত আদায় করেছে তা ভুলে গেলে, হাঃ ১৪৯) যায়দ ইবনু আসলাম হতে তিনি 'আত্বা ইবনু ইয়াসার হতে তিনি আবূ সাঈদ হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আতা ইবনু ইয়াসার (রহ.)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন